নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা।
২৭০৮ ৫।৭।২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
ফোনঃ ৯৫৬২৭৯৫, ফ্যাক্সঃ ৮৮-২-৯৫৬২৯১৩
www.pwd.gov.bd
সংস্থাপন শাখা-৩

স্মারক নম্বর-২৫.৩৬.০০০০.২২০.০৫.০০১.২২-২৬৪৭ তারিখঃ ২৫/০২/১৪৩০ বঙ্গাব্দ
০৮/০৬/২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ গণপূর্ত অধিদপ্তরে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোঃ শহিদুল আলম
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
স্থান : সম্মেলন কক্ষ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
তারিখ : ০৮/০৬/২০২৩খ্রিঃ
সময় : দুপুর ২.৩০ ঘটিকা।
উপস্থিতি : সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা "ক" দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি সভায় উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানান। তিনি সভার কার্যক্রম শুরু করার জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব'কে আহবান জানান। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব সেবা প্রদান প্রতিশ্রুতি সম্পর্কিত সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার কার্যক্রম বিষয়ে সিদ্ধান্ত ও তার বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। গণপূর্ত অধিদপ্তরের সেবা প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ সম্পর্কে সভায় অবহিত করেন। গণপূর্ত অধিদপ্তরের সিটিজেন চার্টারে উল্লেখিত সেবা সমূহ যথাসময়ে পাচ্ছেন মর্মে উপস্থিত কর্মকর্তাগণ অভিমত প্রকাশ করেন। সিটিজেন চার্টার অনুযায়ী সেবা গ্রহীতাগণকে সেবা প্রদান করার জন্য উপস্থিত সকল কর্মকর্তাকে আহবান জানানো হয়।

গণপূর্ত অধিদপ্তরের সিটিজেন চার্টারে উল্লেখিত সেবাসমূহ বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভার আলোচনা নিম্নরূপ:

| ক্রমিক | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১ | **আগামী ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়নঃ** মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়নের নির্দেশনা প্রদান করা হয়েছে। গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন সকল গণপূর্ত জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ'কে প্রধান প্রকৌশলী মহোদয়ের সাথে কর্মসম্পাদন চুক্তি আগামী ২২/০৬/২০২৩ তারিখে সম্পাদন করা প্রয়োজন। | গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন সকল গণপূর্ত জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ'কে প্রধান প্রকৌশলী মহোদয়ের সাথে কর্মসম্পাদন চুক্তি আগামী ২২/০৬/২০২৩ তারিখে সম্পাদন করতে হবে। | প্রধান কার্যালয়/সকল গণপূর্ত জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলীগণ। |
| ০২ | **মাঠপর্যায়ের কার্যক্রম:** সিটিজেন চার্টার অনুযায়ী মাঠ পর্যায় গণপূর্ত জোন/গণপূর্ত সার্কেল/ গণপূর্ত বিভাগ হতে সেবাগ্রহীতাগণদের সেবা প্রদান করা হয়। বিভাগীয় ও জেলা পর্যায়ে সকল সরকারি অফিস, সরকারি কোয়ার্টার, সরকারি পরিত্যক্ত বাড়ি মেরামত ও নির্মাণ কাজ গণপূর্ত বিভাগ কর্তৃক বাস্তবায়ন করা হয়। | সিটিজেন চার্টারে উল্লেখিত সেবাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে প্রত্যাশী সংস্থা/ সেবাগ্রহীতাগণ'কে প্রদান করতে হবে। | অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সকল গণপূর্ত জোন/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সকল গণপূর্ত সার্কেল/ নির্বাহী প্রকৌশলী, সকল গণপূর্ত বিভাগসমূহ। |
| ০৩ | **প্রশাসনিক কার্যক্রম:** সিটিজেন চার্টার অনুযায়ী সংস্থাপন শাখা-১/২ হতে গণপূর্ত অধিদপ্তরের সকল কর্মকর্তাদের ছুটি, পাসপোর্টের অনাপত্তি, পিআরএল, পেনশনসহ সংস্থাপন সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সম্পন্ন হয়ে থাকে। সংস্থাপন শাখা-৪ হতে গণপূর্ত অধিদপ্তরের সকল কর্মচারীদের বদলি, পদোন্নতি, বিভিন্ন ধরণের ছুটি, পিআরএল, পেনশনসহ যাবতীয় কার্যক্রম সম্পন্ন হয়ে থাকে। | সিটিজেন চার্টারে উল্লেখিত সেবাসমূহ নির্ধারিত সময়ের মধ্যে প্রদান করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/ নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন)/(তদন্ত কোষ)। |
| ০৪ | **বিভাগীয় মামলা সংক্রান্ত কার্যক্রম:** সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী সংস্থাপন শাখা-৩ হতে গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন কর্মকর্তা-কর্মচারীদের বিভাগীয় মামলা সংক্রান্ত সকল কার্যক্রম সম্পন্ন করা হয়। দুর্নীতি ও অনিয়ম ইত্যাদি অভিযোগের বিষয়ে প্রধান প্রকৌশলীর দপ্তর কর্তৃক তদন্ত কমিটি গঠন করা হয়। | প্রধান প্রকৌশলীর দপ্তর কর্তৃক গঠিত তদন্ত কমিটিকে নির্ধারিত সময়ের মধ্যে তদন্ত প্রতিবেদন দাখিল করত হবে এবং বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তি করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/ নির্বাহী প্রকৌশলী(তদন্ত কোষ)। মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা। |
| ০৫ | **ঠিকাদারি লাইসেন্স সংক্রান্ত কার্যক্রম:** সংস্থাপন শাখা-৩ হতে গণপূর্ত অধিদপ্তরের ঠিকাদারি লাইসেন্স সংক্রান্ত সকল কার্যক্রম সম্পন্ন করা হয়। ঠিকাদার নিবন্ধন প্রক্রিয়াটি সহজীকরনের লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তরে CES (contractors' Enlistment System) নামে একটি ওয়েব (ces.pwd.gov.bd) ভিত্তিক সফটওয়ার গত ৩০/০৪/২০২৩ তারিখে চালু করা হয়েছে। গণপূর্ত অধিদপ্তরের তালিকাভুক্ত সকল শ্রেণির ঠিকাদারি প্রতিষ্ঠানের ২০২৩-২০২৪ অর্থ বছরের নবায়ন ফি জমা প্রদানের বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। | সিটিজেন চার্টার অনুযায়ী গণপূর্ত অধিদপ্তরের তালিকাভুক্ত সকল শ্রেণির ঠিকাদারি প্রতিষ্ঠানের ২০২৩-২০২৪ অর্থ বছরের নবায়ন ফি জমা প্রদানের বিজ্ঞপ্তির নির্দেশনা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং সকল অফিস আদেশ গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/ নির্বাহী প্রকৌশলী (ওএন্ডএম)/ গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, ঢাকা। নির্বাহী প্রকৌশলী, সকল গণপূর্ত বিভাগসমূহ। |

| ক্রমিক | আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০৬ | **আদালতে চলমান মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করণ:** মাননীয় সুপ্রিম কোর্টে ও নিম্ন আদালতে গণপূর্ত অধিদপ্তরের চলমান মামলাসমূহ দ্রুত সরকারের পক্ষে নিষ্পত্তির উপর গুরুত্ব আরোপ করা হয়। | মাননীয় সুপ্রিম কোর্টে ও নিম্ন আদালতেক গণপূর্ত অধিদপ্তরের চলমান মামলাসমূহ দ্রুত সরকারের পক্ষে নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/ নির্বাহী প্রকৌশলী সকল গণপূর্ত বিভাগসমূহ। |
| ০৭ | **সিটিজেন চার্টার হালনাগাদ করণ:** সময়ের পরিপ্রেক্ষিতে নাগরিক সেবার ধরণ, প্রকৃতি ও সেবা প্রদানের প্রক্রিয়া পরিবর্তন হয়ে থাকে। এছাড়া, কর্মকর্তাগণের বদলি ও পদোন্নতির ফলে সিটিজেন চার্টারের নির্ধারিত অংশের পরিবর্তনের প্রয়োজন হয়। সে কারণে সময়ে-সময়ে সিটিজেন চার্টার হালনাগাদ করা একান্ত প্রয়োজন। সভায় সকল বিভাগ/সার্কেল/ জোন এর সিটিজেন চার্টার হালনাগাদের উপর গুরুত্ব আরোপ করা হয়। | নাগরিক সেবার ধরণ, প্রকৃতি ও সেবা প্রদানের প্রক্রিয়া এবং কর্মকর্তাগণের বদলি ও পদোন্নতির ফলে সিটিজেন চার্টারের নির্ধারিত অংশের পরিবর্তনের কারণে সিটিজেন চার্টার প্রতি ৩ মাস পর হালনাগাদ করতে হবে এবং হালনাগাদকৃত সিটিজেন চার্টার ওয়েবসাইটে আপলোড করতে হবে। | প্রধান কার্যালয়/সকল জোন/সকল সার্কেল/সকল বিভাগের নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, ঢাকা। |
| ০৮ | **অভিযোগ প্রতিকার ও অবহিতকরণ সভা আয়োজন:** মন্ত্রীপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত অভিযোগ প্রতিকার সংক্রান্ত নির্দেশিকা-২০১৫ (পরিমার্জিত-২০১৮) এর ৫.১.১ (ক) অনুযায়ী অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) হিসেবে জনাব মোঃ তৌফিক আলম সিদ্দিকী, নির্বাহী প্রকৌশলী (তদন্ত কোষ) নিয়োগ প্রদান করা হয়। এ সংক্রান্ত অফিস আদেশ গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনায় উল্লেখিত প্রশিক্ষণ ও অবহিত করণ সভা নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার বিষয়ে সভায় অভিমত ব্যক্ত করা হয়। | অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্ম-পরিকল্পনা-২০২২-২০২৩ বাস্তবায়নের লক্ষ্যে নির্ধারিত সময়ের মধ্যে অভিযোগ নিষ্পত্তি করতে হবে। অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা এবং প্রশিক্ষণের আয়োজন করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)/ নির্বাহী প্রকৌশলী (তদন্ত কোষ)। |
| ০৯ | **প্রশিক্ষণ আয়োজন:** সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন বার্ষিক কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়নে ২.১ কার্যক্রম হিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার আয়োজন করতে হবে। | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২০২৩ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রমকে আরও গতিশীল ও ফলপ্রসু করার লক্ষ্যে গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন কর্মকর্তা-কর্মচারীদের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ পারিচালক পিডব্লিউডি ট্রেডিং একাডেমী ও টেস্টিং ও ল্যাবরেটরী এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা। |
| ১০ | **তথ্য অধিকার আইনে তথ্য প্রদান:** গণপূর্ত অধিদপ্তরের তথ্য প্রদানকারী কর্মকর্তা ও প্রধান প্রকৌশলীর স্টাফ অফিসার প্রশাসন ও প্রটোকল (নির্বাহী প্রকৌশলী) মনোনয়ন প্রদান করা হয়। এ সংক্রান্ত অফিস আদেশ গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করা হয়েছে। | তথ্য অধিকার আইন ২০০৯ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিষ্পত্তি করতে হবে। | তথ্য প্রদানকারী কর্মকর্তা ও প্রধান প্রকৌশলীর স্টাফ অফিসার প্রশাসন ও প্রটোকল (নির্বাহী প্রকৌশলী)। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

Nshaha 08.06.2023

(নন্দিতা রানী সাহা)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)
গণপূর্ত অধিদপ্তর, ঢাকা ও
সদস্য-সচিব
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

বিতরণ: (কার্যার্থে ও জ্ঞাতার্থে):

০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা গণপূর্ত জোন/ ঢাকা মেট্রোপলিটন গণপূর্ত জোন/ গণপূর্ত ই/এম জোন, ঢাকা।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী(সমন্বয়)/ (সংস্থাপন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ....................গণপূর্ত সার্কেল-..................................।
০৪। উপসচিব, উন্নয়ন শাখা-৮, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। প্রধান প্রকৌশলীর ষ্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
০৬। নির্বাহী প্রকৌশলী (সংস্থাপন)/(ওএন্ডএম)/(তদন্ত কোষ), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
০৭। নির্বাহী প্রকৌশলী (সকল), ..........................গণপূর্ত বিভাগ.............................।
০৮। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, ঢাকা। সভার কার্য-বিবরণী গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য প্রেরণ করা হলো।